

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৭.২৪.৩৩৮

তারিখ: ৪ আশ্বিন ১৪৩১

১৯ সেপ্টেম্বর ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **JDS** বৃত্তির অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণের নিমিত্তি বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের নিকট হতে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে jds.Bangladesh@jice.org or jds.Bangladesh1@jice.org ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদন ১৯ সেপ্টেম্বর ২০২৪ হতে ৩১ অক্টোবর ২০২৪ তারিখ বিকাল ৫-০০ টার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)
JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.

শর্তসমূহ :

১. অনলাইনে প্রাপ্ত আবেদন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৫ তারিখে ৪৫ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং যাদের স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তাঁরাই আবেদন করতে পারবেন;
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
৩. কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা ২০২৩ অনুসরণ করতে হবে;
৪. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী jds.Bangladesh@jice.org or jds.Bangladesh1@jice.org থেকে পাওয়া যাবে।

সংযুক্তি : [Application Guidline \(PhD\)](#), [Letter from JICE](#), [Brochure](#).



১৯-৯-২০২৪

অমিতাভ পরাগ তালুকদার

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) ড. আহসান এইচ মনসুর, গভর্নর, বাংলাদেশ ব্যাংক
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৫) রেজিস্ট্রার (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৬) মো: সাইফুল্লাহ পান্না, সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
- ৭) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
- ৮) চেয়ারম্যান/মহাপরিচালক,
- ৯) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর
- ১০) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) বিভাগীয় কমিশনার (সকল) (জেলা প্রশাসকগণকে বিষয়টি জরুরিভিত্তিতে অবহিতকরণের অনুরোধসহ)
- ১২) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৩) জেলা প্রশাসক (সকল)
- ১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ১৬) Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215.